

কুয়েতপ্রবাসীদের ই-পাসপোর্ট : দূতাবাসের বার্তা

- A Monitor Desk Report

Date: 19 March, 2025



ঢাকাঃ আকামা নবায়ন করার জন্য পাসপোর্টের মেয়াদ ন্যূনতম এক বছর থাকা অবস্থায় ই-পাসপোর্টের জন্য আবেদন না করার অনুরোধ করেছে কুয়েতের বাংলাদেশ দূতাবাস। এ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।

সম্প্রতি দূতাবাসের অফিসিয়াল ফেসবুক পেইজে এ তথ্য নিশ্চিত করা হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, কুয়েত শ্রম আইন অনুযায়ী আকামা শেষ হওয়ার তারিখের পরবর্তী এক বছরের মেয়াদ পাসপোর্টে বলবৎ থাকলে আকামা নবায়ন করা যায়। কিন্তু ইদানীং দেখা যাচ্ছে যে, পাসপোর্টের মেয়াদ ১ বছরের অধিক থাকা সত্ত্বেও অনেকে অনলাইনে ই-পাসপোর্টের জন্য আবেদন করছেন। এর ফলে বর্তমানে অনলাইনে প্রত্যাশিত সংখ্যার তুলনায় অনেক বেশি সংখ্যক ই-পাসপোর্ট আবেদন পাওয়া যাচ্ছে। যা দূতাবাসের সেবা প্রদানের সক্ষমতার তুলনায় অনেক বেশি।

এই অবস্থায় আকামা নবায়ন করার জন্য ন্যূনতম ১ বছর পাসপোর্টের মেয়াদ নেই এমন প্রবাসীরা প্রয়োজনীয় সময়ের মধ্যে অনলাইনে পাসপোর্টের আবেদন জমা দেওয়ার সিরিয়াল পাচ্ছেন না।

এই পরিস্থিতিতে যেসব ব্যক্তির আকামা নবায়ন করার জন্য পাসপোর্ট তৈরি বা নবায়ন করা জরুরি, তাদের পাসপোর্ট তৈরি বা নবায়ন করার জন্য অগ্রাধিকার দেওয়ার প্রয়োজনে এক বছর আকামা নবায়ন করার মতো মেয়াদ পাসপোর্টে আছে এরূপ প্রবাসী বাংলাদেশি নাগরিকগণকে ই-পাসপোর্টের জন্য আবেদন না করার জন্য অনুরোধ করা হলো।

-B